

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৫২৩

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَرَادَ الْحَجَّ فَلْيُعَجِّلْ». رَوَاهُ أَبُو دَاوُدَ وَالدَّارِمِيُّ

বাংলা

২৫২৩-[১১] উক্ত রাবী [‘আব্দুল্লাহ ইবনু ‘আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি হজ্জ/হজ পালনের ইচ্ছা পোষণ করেছে সে যেন তাড়াতাড়ি হজ্জ/হজ পালন করে। (আবু দাউদ ও দারিমী)[1]

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ১৭৩২, ইবনু মাজাহ ২৮৮৩, আহমাদ ১৯৭৪, দারিমী ১৪২৫, মুসতাদরাক লিল হাকিম ১৬৪৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৬৯৪, ইরওয়া ৬০০৩, সহীহ আল জামি‘ ৬০০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيُعَجِّلْ) “সে যেন তা দ্রুত আদায় করে”।

ইমাম ত্বীবী বলেনঃ (تَفْعِيل) শব্দটি (اِسْتِفْعَال) এর অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ- (تَعْجَل) শব্দটি (اِسْتِعْجَال) এর অর্থে এসেছে। যারা বলেনঃ হজ্জ/হজ ফরয হওয়া মাত্রই তা দ্রুত আদায় করতে হবে, বিলম্ব করার অবকাশ নেই, অত্র হাদীসটি তাদের পক্ষে দলীল।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57083>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন